গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
প্রশাসন অধিশাখা
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর,
ঢাকা-১০০০।
www.dife.gov.bd

নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ

**স্মারক নম্বর:** ৪০.০১.০০০০.১০১.১৮.০০৪.১৭.১৭৮১

তারিখ: ৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: কর্মচারীগণের অবসরগমন, অবসর-উত্তর ছুটি (পিআরএল), ছুটি নগদায়ন (লাম্পগ্রান্ট), ভবিষ্যৎ তহবিলের চূড়ান্ত উত্তোলন, পেনশন ও আনুতোষিক মঞ্জুরের বিধিগত এখতিয়ার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগের প্রবিধি শাখা-১ এর ০৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১৮-০৮ নং স্মারকে জারীকৃত "সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০"- এর ৪.১১ অনুচ্ছেদে পেনশন মঞ্জুরির ক্ষমতা প্রসঙ্গে বলা হয়েছে, "অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ কর্তৃক জারীকৃত ১৬-০৮-২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১২-৩৫১ (১) নং প্রজ্ঞাপন অনুযায়ী অনুন্নয়ন বাজেটে প্রদত্ত আর্থিক ক্ষমতা অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ পেনশন মঞ্জুর করিবেন।" অর্থাৎ নিয়োগকারী কর্তৃপক্ষ পেনশন মঞ্জুরের ক্ষমতা সংরক্ষণ করেন। এক্ষেত্রে অত্র দপ্তরের ৯ম গ্রেড ও তদূর্দ্ধ গ্রেডের এবং ১০ম হতে ২০তম গ্রেডের কর্মচারীগণের নিয়োগকারী কর্তৃপক্ষ যথাক্রমে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এবং কলকারকানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শক পেনশন মঞ্জুরকারী ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ।

০২। তথাপি লক্ষ্য করা যাচ্ছে যে, উপমহাপরিদর্শকের কার্যালয় হতে ১০ম হতে ২০তম গ্রেডের কর্মকর্তা/কর্মচারীগণের পেনশন কেইস নিস্পত্তি করা হচ্ছে; যা বিধিবদ্ধ নয়। অধিকিন্তু উপমহাপরিদর্শকের কার্যালয় হতে কর্মচারীগণের অবসরগমন, অবসর-উত্তর ছুটি (পিআরএল), ছুটি নগদায়ন (লাম্পগ্রান্ট), ভবিষ্যৎ তহবিলের চূড়ান্ত উত্তোলন, পেনশন ও আনুতোষিক মঞ্জুরি সংক্রান্ত নথি যথাযথভাবে যাচাই বাছাইপূর্বক প্রয়োজনীয় প্রমাণক/সংযোজনী/কাগজপত্রাদি **(কপি সংযক্ত)** ব্যতীত নিস্পত্তির লক্ষ্যে প্রধান কার্যালয়ে অগ্রায়ন করা হচ্ছে। ফলে নথি নিস্পত্তিতে জটিলতা ও বিলম্ব হচ্ছে। এমতাবস্থায়, সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ **(কপি সংযুক্ত)** এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা সমীচীন হবে।

০৩। বর্ণিতাবস্থায়, কর্মচারীগণের অবসরগমন, অবসর-উত্তর ছুটি (পিআরএল), ছুটি নগদায়ন (লাম্পগ্রান্ট), ভবিষ্যৎ তহবিলের চূড়ান্ত উত্তোলন, পেনশন ও আনুতোষিক প্রাপ্তি নিশ্চিতের লক্ষ্যে যথাযখ বিধি অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১) সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০; ৬৮ (আটষট্টি) পাতা।

২) কর্মচারীর নিজের অবসর গ্রহণের এবং পারিবারিক পেনশন মঞ্জুরির ক্ষেত্রে প্রয়োজনীয় ফরম , সনদ ও কাগজপত্রাদির তালিকা ০২ (দুই) পাতা।

৩) পেনশন আবেদন ফরম ২.১-এর নমুনা (কর্মচারীর নিজের অবসর গ্রহণের ক্ষেত্রে)।

৪) পারিবারিক পেনশন আবেদন ফরম ২.২-এর নমুনা।

CamScanner